SI. No.	Particulars	Quarter Ended 30th June, 2020 (Unaudited)	Quarter Ended 30th June, 2019 (Unaudited)	Year Ended 31st March, 2020 (Audited)	
1	Total income from operations (net)	1019.60	1737.97	6440.03	
2	Net Profit/ (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary Items)	141.83	671.16	886.68	
3	Net Profit/(Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary Items)	141.83	671.16	886.68	
4	Net Profit/(Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary Items)	137.69	515.13	788.95	
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	126.60	522.60	748.62	
6	Equity Share Capital	21.42	21.42	21.42	
7	Other Equity	-	-	8072.09	
8	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) -				
	Basic :	64.28	240.49	368.32	
	Diluted :	64.28	240.49	368.32	

a) The above Unaudited Quarterly Financial Results of the Company for the Quarter ended 30th June 2020 ,have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their meeting held on September 14, 2020.

b) The above is an extract of the detailed format of Unaudited Quarterly Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Company and Stock Exchange i.e. www.mldalmiagroup.com and www.cse-india.com

> For and on behalf of the Board of Directors Bateli Tea Company Limited

Manish Dalmia Director DIN: 00264752

Date: September 14, 2020

শহর ও জেলার খবর



বিশ্বকর্মার মূর্তি নিয়ে বাজারে ক্রেতার অপেক্ষায়। —জয়ন্ত ভট্টাচার্য

সারদা রোজভ্যালি ছাড়া আরও ২৫টি চিটফান্ডের ওপর নজর সিবিআইয়ের

নিজস্ব প্রতিনিধি— সারদা এবং রোজভ্যালি সহ রাজ্যের আরও ২৫টি চিটফান্ডের ওপরে নজর দিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ইতিমধ্যেই সারদা মামলায় চূড়ান্ত চার্জশিটের খসড়া জমা দিতে তৎপর সিবিআই। এরইমধ্যে তদন্তের খাতিরে তারা নজর রেখেছে রাজ্যের প্রায় ২৫টি অর্থ লগ্নিকারী সংস্থার ওপর। সূত্রের খবর, সিবিআই গত তিন মাসে সবকটা সংস্থার বিরুদ্ধে ওঠা অভিযোগের ভিত্তিতে মামলা দায়ের করেছে এবং যথাযথ তদন্তও শুরু করেছে। কলকাতা, হাওড়া, উত্তর ২৪ পরগনা ও বিভিন্ন জেলায় এই চিটফান্ড সংস্থাগুলিতে অর্থলগ্নি করে হাজার হাজার মানুষ বিপাকে পড়েছেন ২০১৩ সাল থেকে লগ্নিকারীরা রাজ্যের বিভিন্ন থানায় অভিযোগ দায়ের করেন। সিবিআই গোয়ান্দারা জানিয়েছেন, ওই অর্থ লগ্নিকারী সংস্থাগুলির কর্ণধাররা রেপাতা। যদিও তাদের খোঁজে তল্লাশি শুরু করা হয়েছে। সূত্রের আরও খবর, কলকাতার সাউথ এভিনিউয়ের ফিউচার মার্গ রিয়েলিটি, মধ্যমগ্রামের আরটিসি রিয়েল ট্রেড, উত্তর ২৪ পরগনার বারাসতের এমপিবি মার্কেটিং সার্ভিসেস লিমিটেডে, হেমনগরের ইউনিয়ন অ্যাগ্রোটেক লিমিটেড, হাওডার বাগনানের রেভেলিউশন মার্কেটিং কনসেপ্ট, বাগুইআটির এক্সপ্রেস কালটিভেশন প্রাইভেট লিমিটেড, বিষ্ণুপুরের হাসপার ম্যাক্রো ফিনান্স সোশ্যাল ওয়েলফেয়ার ট্রাস্ট এই সমস্ত সংস্থার বিরুদ্ধে অভিযোগ উঠেছে। এ ছাড়া পূর্ব মেদিনীপুর, বীরভূম, মুর্শিদাবাদ, কোচবিহার জেলা থেকেও সিবিআই আধিকারিকরা অনেক অভিযোগ পেয়েছেন। সিবিআইয়ের এক কর্তা জানিয়েছেন সুপ্রিম কোর্টের নির্দেশে সব চিটফান্ড সংস্থার বিরুদ্ধে তদন্ত শুরু করা হয়েছে।

এসইউসিআই-এর ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ চবিবশ প্রগনা, ১৫ সেপ্টেম্বর— মঙ্গলবার দুপুরে জয়নগর দু নং ব্লুকের অধীনে বকুলতলা থানায় জয়নগর এর প্রাক্তন বিধায়ক তরুণ নস্করের নেতত্ত্বে চার জনের প্রতিনিধি দল এস ইউ সি আই জেলা কমিটির পক্ষ থেকে ডেপুটেশান দিল। শতাধিক মহিলা ও পুরুষ এদিন মিছিল করে থানার সামনে আসেন। কেন ডেপুটেশান তা জনতার সামনে তুলে ধরেন জয়নগর এর প্রাক্তন সাংসদ (াঃ তরুণ মন্ডল প্রাক্তন বিধায়ক অধ্যাপক তরুণ নস্কর প্রাক্তন বিধায়ক জয় কৃষ্ণ হালদার প্রমুখ। এস ইউ সি আই দলের প্রতিনিধিরা এদিন পুলিশ প্রশাসনের তীব্র সমালোচনা করেন। বলেন, পুলিশ শাসক দল কে খুশি রাখতে এস ইউ সি আই কর্মীদের নামে মিথ্যে কেস দিয়ে নানা ভাবে নির্যাতন করছে। প্রশাসনের শীর্ষ স্তরে যাঁরা রয়েছেন তাঁরা বিষয় গুলি খতিয়ে দেখুন। এ বিষয়ে প্রাক্তন বিধায়ক অধ্যাপক তরুণ নস্কর জানান, ছাব্বিশে আগস্ট জয়নগর জামতলা রুটে নতুন হাট মোল্লার চক মোডের কাছে খারাপ রাস্তা সারানোর দাবিতে এস ইউ সি আই দলের স্থানীয় কর্মী সমর্থকরা সাধারণ মানুষ কে নিয়ে পথ অবরোধ করেছিল। ঘটনাস্তলে ছিল বকলতলা থানার পুলিশ। হঠাৎই ঐ রাস্তায় তৃণমূলের মিছিল আসে। অবরোধকারীদের ওপর হামলা করে। মহিলাদের পোশাক ছিঁড়ে দেয়। শুরু হয় মারধর। পুলিশ হামলাকারীদের কিছু না বলে অবরোধকারীদের ধরে নিয়ে যায়। কেস দেয়। আমরা এই ঘটনার তীব্র প্রতিবাদ করছি। অবিলম্বে হামলাকারীদের গ্রেফতার ও তাঁদের মদতকারী দোষী পুলিশ কে অপসারণ করতে হবে। শাসক দলের দলদাস না হয়ে পুলিশ নিরপেক্ষ হোক। মিথ্যে কেস দেওয়া বন্ধ করে সাধারণ মানুষ কী অসুবিধার মধ্যে পড়ে রাস্তা অবরোধ করছে তা সংশ্লিষ্ট দফতরে জানাক। পুলিশ সত্যিকারের বন্ধু হয়ে উঠুক। পুলিশ জনস্বার্থে কাজ না করলে এস ইউ সি আই দল আবারও পথে নামবে জানিয়ে দেন জয়নগর এর প্রাক্তন বিধায়ক অধ্যাপক তরুণ নস্কর।

কাজ হারিয়েছেন সহকর্মীরা বিশ্বকর্মা পুজোয় তাই ভাটার টান

অন্যান্যবারের তুলনায় ভাঁটা। কুমারটুলি থেকে শুরু করে শহর ও জেলার মৃৎশিল্পীরাও একই কথা বলছেন। অন্যদিকে একইদিনে পড়েছে বিশ্বকর্মা পুজো ও মহালয়া। বাঙালীর সবথেকে বড় উৎসব দুর্গাপুজোয় এবার দেরিতে। তাই নিয়ে এবার সেইভাবে প্রায় কোনও উৎসাহই নেই। নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম আকাশ ছোঁয়া। তাই অনেকেই বড় মূর্তির পরিবর্তে অল্পসল্পের মধ্যে পুজোটুকু সারতে চাইছেন। কোথাও আবার কোভিড পরিস্থিতিতে মাত্র ৫০ শতাংশ কর্মী নিয়ে চলছে কারখানা। কাজ হারিয়েছেন অনেকে। সহকর্মীদের ছাডা কোনও বিশ্বকর্মা পজোর আমেজ প্রায় নেই বললেই চলে।

গঙ্গারঘাটগুলিতে থাকবে বড়তি নজরদাড়ি। মাত্রাতিরিক্ত মেঘাচ্ছন থাকবে, যত্রতত্র চলবে মাঝারি বর্ষণ।

নিজস্ব প্রতিনিধি— করোনা পরিস্থিতিতে বিশ্বকর্মা পুজোয় ভিড় সামাল দিতে থাকবেন অতিরিক্ত বাহিনী। সুরক্ষাবিধির উপর জোড় দেওয়া হচ্ছে সমগ্রক্ষেত্রে। অনেকে আবার তাই গঙ্গারঘাটের পরিবর্তে বাড়িতেই পুরোহিত নিয়ে এসে তর্পন সারার পরিকল্পনা করে ফেলেছেন। সংকট এখনও কাটেনি তাই যতটা সম্ভব সতর্ক থাকা যায়।

এদিকে বিশ্বকর্মা পুজো পর্যন্ত বজ্রগর্ভ মেঘে বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দফতর। সোমবার থেকেই শহর কলকাতা সহ পার্শ্ববর্তি জেলাগুলিতে বিক্ষিপ্ত বৃষ্টিপাত শুরু হয়েছে। মঙ্গলবার সকাল থেকেই আকাশে চলতে থাকে মেঘ রোদ্ধরের লুকোচুরির খেলা। নীল আকাশে শরতের মেঘ থাকলেও আনন্দোৎসবই যে সম্পূর্ণ হয়না। তাই সেসব জায়গাতেও বিভিন্ন স্থানে বজ্রগর্ভ মেঘের সঞ্চারে হাল্কা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে কলকাতা, হাওড়া, দুই ২৪ পরগনা. হুগলি. কোভিড পরিস্থিতির কারণে মহালয়াতেও নদীয়া, মুর্শিদাবাদ জেলায়। আগামী দু'দিন আকাশ

অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের বিজেপির

নিজস্ব সংবাদদাতা, বোলপুর, ১৫ সেপ্টেম্বর— আলটপকা মন্তব্য না কী, দলীয় কর্মীদের উত্তেজিত করতে পরিকল্পিতভাবেই হিসেবি মন্তব্য? রাজনৈতিক দিক থেকে এমন বিতর্ক আছে তাঁকে কেন্দ্র করে। তাঁর গুড়-বাতাসা, ভোটের আগে বিরোধীদের জন্য মশারী খাটিয়ে রাখা, চড়াম চড়াম বাজনা বাজানো বা পুলিশকে বোম মারার নির্দেশ দেওয়া বা শুঁটিয়ে লাল করে দেবার মতো বহু মন্তব্য মানুষের মুখে মুখে ফেরে। তিনি তৃণমূল কংগ্রেসের বীরভূম জেলা সভাপতি অনুব্রত মণ্ডল।

কিন্তু তাঁর মন্তব্য নিয়ে পুলিশে অভিযোগ দায়ের হতে পারে, এটা বোধহয় অনেকেরই ভাবনার বাইরে ছিলো। কিন্তু শিয়রে যে হেতু বিধানসভা নির্বাচন আর বিজেপি সেই নির্বাচনে শাসক তৃণমূল কংগ্রেসের মূল প্রত্ঞিন্দুী হয়ে রাজ্য দখলের পরিকল্পনা নিয়ে ময়দানে নেমেছে, তাই তারা আর কোনও রাখঢাকও রাখতে চাইছে না। লড়াইটা সামনা সামনি করতে হলে অনুব্রত মণ্ডলকেই যে 'চাঁদমারি' করতে হবে, তা তাঁরা বুঝে নিয়েছে। আর তাতেই তেতে উঠবে দলীয়

কর্মীরা, এটাও বিজেপি ভালোই বুঝছে। আর তাই অঙ্ক কষেই এবার বিজেপির পক্ষ থেকে বীরভূম জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হলো মল্লারপুর থানায়। বিজেপির বীরভূম জেলার সাধারণ সম্পাদক অতনু চট্টোপাধ্যায় জানিয়েছেন, মল্লারপুরে ১৫ জুলাই তৃণমূল কংগ্রেসের কর্মী সভায় অনুব্রত মণ্ডল বিজেপি কর্মীদের 'হাত-পা ভেঙ্গে দেওয়ার' নির্দেশ দিয়েছিলেন তাঁর দলীয় কর্মীদের। তারপর থেকেই বিজেপি কর্মীদের উপরে নির্যাতন বেড়ে গিয়েছে। আমাদের কর্মীরা মানসিক চাপে রয়েছেন। তাই, তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতির বিরুদ্ধ মল্লারপুর থানায় অভিযোগ দায়ের করেছি। আশা করি, প্রশাসন সততার সঙ্গে আইনী ব্যবস্থা নেবে। এ নিয়ে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে অবশ্য কোনও মন্তব্য করা হয়নি। তাদের দিক থেকে 'আইন আইনের পথে চলবে' বলেই মন্তব্য করা হবে বলেই রাজনৈতিক মহল মনে করছে। তবে, বিধানসভা নির্বাচনের আগে রাজনৈতিক দিক থেকে বিষয়টি যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলেই মনে করা হচ্ছে।

সল্টলেকে প্রাথমিক টেট উত্তীর্ণ ডিএলএড প্রশিক্ষিতদের নিয়োগের দাবিতে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, বিধাননগর, ১৫ সেপ্টেম্বর— পশ্চিমবঙ্গ প্রাথমিক টেট উত্তীর্ণদের নিয়ােগ প্রক্রিয়ার সুষ্ঠ পরিসমাপ্তি কার্যত কিছুতেই হচ্ছে না। পূর্বেও নানান আন্দোলনের কারণে রাজ্য সরকার নানাবিধ পদক্ষেপ গ্রহণ করলেও তা আন্দোলনকারীদের মনপুতঃ না হওয়ায়, ফের নতুন ভাবে নিজেদের দাবি নিয়ে আন্দোলন সরব হচ্ছেন তারা। নিয়াগের দাবিতে এবার পথে নেমেছেন ২০১৫ প্রাথমিক টেট উত্তীর্ণ ডিএলএড প্রশিক্ষিতরা। মঙ্গলবার পশ্চিমবঙ্গ ডিএলএড ঐক্য মঞ্চের তরফে বিকাশ ভবনের কাছে নিয়ােগের দাবি জানিয়ে বিক্ষোভ দেখান প্রায় শতাধিক ডিএলএড প্রশিক্ষিতরা। তাদের দাবি, ২০১৫ সালের প্রাইমারি টেট পাস করা ও ডি এল অ্যাড প্রশিক্ষণপ্রাপ্ত প্রায় বারোশো জন প্রার্থীদের শিক্ষামন্ত্রীর পূর্ব ঘোষণা অনুযায়ী সরাসরি প্রাথমিক শিক্ষক পদে নিয়ােগ করতে হবে। কারণ হিসেবে তারা জানান, ২০১৫ সালে যখন তারা প্রাথমিক টেট পাস করেছিলেন, তখন ডি এল এড প্রশিক্ষণ নেওয়ার কোনো রকম ব্যবস্থা ছিল না। ২০১৭ সালের ২৬ অক্টোবর শিক্ষা মন্ত্রী জানিয়ে দেন, পরবর্তীতে যারা ডিএলএড প্রশিক্ষণ নেবে, প্রাথমিক টেট উত্তীর্ণ সেই সকল প্রার্থীদের সরাসরি নিয়াগপত্র দেওয়া হবে। সেই সাথে প্রায় একই সময় নোটিফিকেশন জারি করে ডি এলএড ২০১৪-১৬ এবং ২০১৫-১৭ ব্যাচকে রাজ্য সরকার সরাসরি নিয়াগেপত্র প্রদান করে। কিন্তু তারপর থেকে আর কোন প্রাথমিক টেট উত্তীর্ণ ডিএলএড প্রশিক্ষিত ব্যাচকে নিয়াগেপত্র দেওয়া হয়নি। এরকম প্রায় হাজারেরও বেশি প্রার্থী রয়েছে যারা চাকরির আশায় রাজ্য সরকারের মুখাপেক্ষী হয়ে অপেক্ষা করছে। তাই বেকারত্বের জ্বালায় তারা বাধ্য হয়ে আন্দোলন পথে নেমেছে। তবে রাজ্য সরকার যদি তাদের দাবি পুরণের জন্য কোনো প্রকার ব্যবস্থা গ্রহণ না করে তবে আগামী দিনে তারা আরও বৃহত্তর আন্দোলনে পথে নামার

সাংসদকে দেখে অশ্লীল অঙ্গভঙ্গি, গ্রেফতার ট্যাক্সি চালক

নিজস্ব প্রতিনিধি— সাংসদকে দেখে অশ্লীল অঙ্গভঙ্গি। অনতিবিলম্বেই গাড়ি থেকে নেমে এই ঘটনায় ব্যবস্থা নেন সাংসদ তথা অভিনেত্রী মিমি চক্রবর্তি। সোমবার রাতের মধ্যেই গ্রেফতার করা হয় সেই অভিযুক্ত ট্যাক্সিচালককে ঘটনাটি ঘটেছে সোমবার রাতে বালিগঞ্জ ফাঁড়ি এলাকায়। জিম থেকে রাতে বাড়ি ফেরার সময়ে নিজের গাড়িতেই ছিলেন সাংসদ মিমি চক্রবর্তি। সেই সময় পাশ দিয়ে যাওয়া একটি ট্যাক্সি থেকে সাংসদকে দেখে অশ্লীল অঙ্গভঙ্গি করতে থাকে চালক। গাড়ি বেপরোয়া গতিতেও চালিয়ে যাচ্ছিল ওই ট্যাক্সি চালক। কোনও কিছুর পরোয়া না করেই গাড়ি থেকে নেমে ওই ট্যাক্সির পথরোধ করেন সাংসদ। মিমি চক্রবর্তিকে দেখে অশ্লীল অঙ্গভঙ্গি করার সঙ্গে সঙ্গে কটুক্তিও করতে থাকে ওই ব্যক্তি। সেই সময় দ্রুত পদক্ষেপ নেন তিনি। কাছেই থাকা এক সার্জেন্টকে ডেকে অভিযোগ জানান। অভিযোগ জানান গডিয়াহাট থানাতেও। অল্প সময়ের মধ্যেই সোমবার রাতেই অভিযুক্ত দেবু যাদব নামের ওই ট্যাক্সি চালককে আনন্দপুর এলাকা থেকে গ্রেফতার করে কলকাতা পুলিশ।

বিক্রমের বিরুদ্ধে অনিচ্ছাকৃত

খুনের চার্জ গঠন

নিজস্ব প্রতিনিধি— মডেল সোনিকা সিং চৌহান-এর মৃত্যুর প্রায় সাডে তিন বছর পর চার্জ গঠন করল আদালত মঙ্গলবার বিচারক অনিচ্ছাকৃত খুনের অভিযোগে চার্জ গঠন করার নির্দেশ দিয়েছেন। পুজোর পর থেকেই অভিনেতা বিক্রম চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে বিচার প্রক্রিয়া শুরু হবে বিচারকের এই সিদ্ধান্তে খুশি সোনিকার বন্ধুরা। এদিন সোনিকার অন্যতম ঘনিষ্ঠ বন্ধু সাহেব ভট্টাচার্য সংবাদমাধ্যমকে বলেন, সামনে আরও কঠিন লড়াই। সোনিকা যাতে বিচার পায় তার জন্য শেষ পর্যন্ত লড়ব। এটুকু পথ পেরোতে তিন বছর চলে গেল। উল্লেখ্য, ২০১৭ সালের ২৯ এপ্রিল গভীর রাতে গাড়ি দুর্ঘটনায় মৃত্যু হয় মডেল সোনিকা সিং চৌহানের। রাসবিহারী অ্যাভিনিউয়ের একটি সোনার দোকানের সামনে বাতিস্তন্তে প্রবলবেগে ধাক্কা মারে গাড়ি। সেই গাড়িটি চালাচ্ছিলেন অভিনেতা বিক্রম চট্টোপাধ্যায় দুর্ঘটনায় গুরুতর আঘাত পান সোনিকা। গুরুতর আহত অবস্থায় সোনিকাকে বাইপাসের একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যান বিক্রম। কিন্তু শেষরক্ষা হয়নি। প্রায় ১০০ কিলোমিটার গতিবেগে ওইদিন গাড়িটি চলছিল। যে রাতে এই দুৰ্ঘটনাটি ঘটে, সেদিন মদ্যপ অবস্থায় একটি পার্টি থেকে ফিরছিলেন বিক্রম ও সোনিকা। যদিও আদালতে মদ্যপানের কথা অস্বীকার করে বিক্রম কিছুদিন আত্মগোপন করেছিল বিক্রম সোনিকার মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে টলিউড আড়াআড়ি ভাগ হয়ে গিয়েছিল। একটি অংশের দাবি ছিল, বিক্রমের কড়া শাস্তি হওয়া উচিত। অন্য অংশের দাবি, সোনিকার মৃত্যু নিছকই দুৰ্ঘটনা। যদিও কলকাতা পুলিশ যে চার্জশিট পেশ করেছে আদালতে তাতে এই দুর্ঘটনার জন্য বিক্রমকেই দায়ী করা হয়েছে। পারিপার্শ্বিক তথ্যপ্রমাণের ওপর ভিত্তি করে তদন্তকারীরা দাবি করেন, ওই রাতে বিক্রম শুধু মদ্যপই ছিলেন না, যথেষ্ট বেসামালও ছিলেন। তা সত্ত্বেও এত দ্রুত গতিবেগে গাড়ি চালানো তাঁর উচিত হয়নি। যদিও ঘটনার পর বিক্রমের মেডিকেল টেস্ট না হওয়ায়. বিক্রম মদ্যপ ছিলেন কি না তা সরাসরি কোনও প্রমাণ পুলিশ পেশ করতে

খড়গপুর পুরসভার কাউন্সিলরের স্বামী ও পুত্রকে খুন করার জন্যই ডাকা হয়েছিল ঝাড়খণ্ডের শার্প শুটারকে

খড়গপুর, ১৫ সেপ্টেম্বর— খড়গপুরে মাফিয়া ডন বাসব রামবাবুর ধৃত আট অনুগামীকে জিজ্ঞাসাবাদ করে বিস্ফোরক তথ্য হাতে এল পুলিশের। খড়গপুর পুরসভার এক মহিলা কাউন্সিলরের স্বামী এবং তাঁর নাবালক ছেলেকে খুন করার জন্য বাসব রামবাবুর অন্যতম সাগরেদকে শিবা রাও ঝাড়খণ্ড থেকে শার্প শুটার নিয়ে আসার পরিকল্পনা করেছিল। কিন্তু সেই খবর লিক হয়ে যায়। এরপরই পশ্চিম মেদিনীপুরে জেলা পুলিশ সুপার দীনেশকুমারের কাছে অভিযোগ জানান দুষ্কৃতীদের টার্গেটে থাকা খড়গপুর পুরসভার ১৫ নং ওয়ার্ডের তৃণমূল কংগ্রেসের কাউন্সিলর অঞ্জনা সাকরের স্বামী রঞ্জিত এবং তার সহচর জং রানা। জেলা পুলিশ সুপারের নির্দেশে অভিযানে নামে খড়গপুর এসডিপিও সুকোমলকান্তি দাসের নেতৃত্বে পুলিশবাহিনী। ধরা পড়ে দুষ্কৃতীরা। তাদের মঙ্গলবার খড়গপুর মহকুমা আদালতে তোলা হয়।

মেদিনীপুর কেন্দ্রীয় সংশোধনাগারে বসেই রেলের ঠিকাদার, আর্থিক দিক দিয়ে প্রতিষ্ঠিত ব্যবসায়ী, রেল থেকে অবসরকালীন সুযোগসুবিধের মোটা অঙ্কের টাকা নিয়ে অবসর নেওয়া ব্যক্তিকে ফোন করে ভয় দেখিয়ে তোলা আদায় করত বাসব রামবাবু এবং খড়গপুরের কুমোরপাড়ার বাসিন্দা জে শঙ্কর রাও। একসময় রামবাবুর ঘনিষ্ঠ অনুগামী হলেও রঞ্জিত সাকরে এবং তার সহচর জং রানা সাধারণ রেলকর্মীদের থেকে টাকা সংগ্রহের বিরোধী ছিল। এরপরই রঞ্জিত তার ছেলে এবং রানাকে পৃথিবী

অনুগামী জয়হিন্দ নগরের বাসিন্দা কে শিবা রাও। এই শিবা মেদিনীপুরের প্রাক্তন সিপিআই সাংসদ নারায়ণ চৌবের ছোট ছেলে মানস চৌবেকে গুলি করে খুন করেছিল। শিবা, জামসেদপুরের শার্প শুটার সঞ্জয় ঠাকুরের সঙ্গে যোগাযোগ করে। সঞ্জয় শিবার অভিসন্ধি পূর্বপরিচিত রঞ্জিতের কাছে ফাঁস করে দেয়। রঞ্জিত এবং ্রানা এসপি'র কাছে অভিযোগ জানান। এসপি'র নির্দেশে এসডিপিও অভিযানে নামেন। রামবাবুর বাড়িতে অভিযান চালিয়ে এস ভেঙ্কটেশ্বর ওরফে ভেঙ্কটেশ, শ্রীনিবাস রাও ওরফে শ্রীনুকে পুলিশ গ্রেফতার করে। কয়েকজন পালিয়ে যায়। যাদের অন্যতম উজ্জ্বল চক্রবর্তী। এরপর শহরের বিভিন্ন জায়গায় তল্লাশি চালিয়ে এ কালি প্রসাদ রেডিড, পি কৃষণ রাও, এ শ্রীনিবাস রাও ওরফে মাচা শ্রীনু, কে শিবা রাও, ছোটো আয়মার ছোটু ভুঁইয়া, জিতেন ঘরামিকে পুলিশ গ্রেফতার করে। রঞ্জিত দৈনিক স্টেটসম্যানকে বলেন, 'শিবাই ঝাড়খণ্ডে খবর দিয়েছিল। খড়গপুরে টিম তৈরি করেছিল। রামবাবুর ভাগ্নে অজয় পলাতক। পুলিশ তাকে আত্মসমর্পণ করার নির্দেশ দিয়েছে

পুলিশের বক্তব্য, সুকেশকুমার নামে এক মৃত রেলকর্মীর ছেলে তাঁদের অভিযোগ জানান রামবাবু এবং শঙ্কর মোটা অঙ্কের টাকা দাবি করছেন। এরপরই পুলিশ ফাঁদ পাতে জয়হিন্দনগরের মাতা মন্দিরের কাছে। রামবাবুর অনুগামীরা ধরা পড়েন। তাদের কাছ থেকে সেভেন বোরের পিস্তল, দু'টি তাজা কার্তুজ, ধারালো ভোজালি উদ্ধার হয়।

পুলিশের বক্তব্য, এই চক্রের কিংপিন বাসব রামবাব ও পৃথিবী থেকে সরিয়ে দেওয়ার পরিকল্পনা করে রামবাবুর জে শঙ্কর রাও। জেলে বসেই তারা কাজ কারবার চালাত

তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষে বোমাবাজিতে আহত পাঁচ

আসন্ন বিধানসভা নির্বাচনের লক্ষ্যে রাজ্যের শাসক তৃণমূল কংগ্রেস নেতৃত্ব যখন দলকে ঐক্যবদ্ধ ভাবে চালাবার চেষ্টা করছেন তখন, দলের বিভিন্ন ক্ষেত্রে গোষ্ঠী বিবাদ এবং সংঘর্ষ যে ভাবে বেড়ে চলেছে তাতে উদ্ধেগ ও চিন্তা বাড়ছে দলের অভ্যন্তরে। এবার সেই চিত্রই দেখা গেল বীরভূমের নলহাটি থানার কলিঠা গ্রাম পঞ্চায়েতের আটগ্রামে। ওই সংঘর্ষে আহত পাঁচজনকে নিয়ে গিয়ে ভর্তি করা হয় স্থানীয়

বিগত পঞ্চায়েত নির্বাচনে কলিঠা গ্রাম পঞ্চায়েতের আটগ্রামের তৃণমূল কংগ্রেস প্রার্থীর হয়ে কাজ করেন এলাকার প্রভাবশালী তৃণমূল কংগ্রেস নেতা, আটগ্রামের বাসিন্দা শেখ সফিকল। কিন্তু তিনি দলীয় প্রার্থীকে জিতিয়ে আনতে পারেননি। নির্দল প্রার্থী হিসেবে জয়ী হন সাজেদা বিবি। পরে সাজেদা বিবির সঙ্গে তৃণমূল কংগ্রেসের উপর মহলের যোগাযোগের পরিপ্রেক্ষিতে সাজেদা বিবি তৃণমূল কংগ্রেসে যোগ দেন। আর এর পর থেকেই গ্রামের বিভিন্ন কাজকর্ম নিয়ে সাজেদা বিবির সঙ্গে শেখ সফিকুলের দূরত্ব

এবং বিবাদ দুই-ই বাডতে থাকে। গ্রামে শাসক তৃণমূল কংগ্রেস শেখ সফিকুল ও সাজেদা বিবি গোষ্ঠীতে ভাগ হয়ে ্যায়। একজন নির্দল প্রার্থী পঞ্চায়েত ভোটে জয়ী হওয়ার পরে, তাঁকে দলে টানার জন্য দল যে ভাবে তাঁর কাছে মাথা নুইয়েছে, তা মানতে পারেননি শেখ সফিকুল ও তাঁর সমর্থকেরা। এনিয়ে গ্রামের যে কোনও কাজেই দু'টি গোষ্ঠীর মধ্যে বিবাদ লেগেই থাকে। এবার গ্রামের একটি পরিবারে শৌচালয় বানানো নিয়ে ওই পরিবারের দুই ভাইয়ের মধ্যে বিবাদ চরমে উঠলে তা গ্রামে বসেই আলোচনার মাধ্যমে মিটিয়ে দেন শেখ সফিকুল। কিন্তু পঞ্চায়েত সদস্যা সাজেদা বিবিকে বাদ দিয়ে কেন শেখ সফিকুল ওই মিমাংসা করলেন, তা নিয়ে উভয় গোষ্ঠীর মধ্যে বিবাদ শুরু হয়ে যায়। শেখ সফিকুলের স্ত্রী সেবিনা বিবির দাবি, এরপরই পঞ্চায়েত সদস্যার স্বামী তাঁকে ও তাঁর ছেলেকে বেধডক মারধর করেন। তারপর রাতের দিকে তাঁর বাড়িতে বোমা মারা হয়। পুলিশ এসে পরিস্থিতি সামাল দেয়। তণমূল কংগ্রেসের ব্লুক সভাপতি অশোক ঘোষ অবশ্য জানিয়েছেন, দুই পরিবারের মধ্যে বিবাদের ফলে এমনটা ঘটেছে। এর সাথে রাজনীতির কোনও যোগ নেই।।

অহিপিএস হওয়ার মানসিক চাপ নিতে না পারায় আত্মঘাতী সপ্তম শ্রেণির ছাত্রী

নিজস্ব প্রতিনিধি— বাবার ইচ্ছের কাছে হার মানল মেয়ে। কিশোরী তার অবসাদের কথা উল্লেখ করেছে। এভরিওয়ান বাবার ইচ্ছে ছিল মেয়ে আইপিএস অফিসার হবে। কিন্তু সম্বোধন করে চিরকুটে লেখা আছে। চিরকুটে কিশোরী সেই চাপ গ্রহণ করার ক্ষমতা ছিল না ১৩ বছরের এক লিখেছে, 'এই চিঠি যখন তোমাদের কাছে পৌছবে তখন কিশোরীর। ফলে পরিণতি হল মর্মান্তিক। মঙ্গলবার দুপুরে স্আমি মৃত। আমি তোমাদের সবাইকে ভালোবাসি। আমার ঝাঁপ দিয়ে আত্মঘাতী হয়েছে ওই কিশোরী। বাবা নিচুতলার স্বত্যুর কারণ অবসাদ। অনেক চেষ্টা করেও আমার পুলিশকর্মী। আমহার্স্ট স্টিটের পুলিশ আবাসনে থাকা। পরীক্ষার ফল ভালো হয়নি। তবে আমার আনন্দ হচ্ছে এই কিশোরী অদ্রিজা মণ্ডলের অস্বাভাবিক মৃত্যুর ঘটনার ভেবে যে আমি মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছি। মানে আমি তদন্তে নেমে এমনই তথ্য উঠে এসেছে। কিশোরীর মৃত। তবে সবচেয়ে দুঃখের বিষয়, আমি আইপিএস হতে সুইসাইড নোটে এমনই ইঙ্গিত পাওয়া গিয়েছে। এদিন পারব না। আমার সিদ্ধান্তের জন্য দুঃখিত। সকলকে পুলিশ আবাসনের বাসিন্দারা জানান, দুপুরবেলা উপর ধন্যবাদ বিদায়।' এই চিঠির বয়ানই বলে দিচ্ছে কতটা থেকে ভারি কিছু পড়ার শব্দ তাঁরা শুনতে পান। বাইরে মানসিক অবসাদে ভুগছিল ওই কিশোরী। পরীক্ষার ফল বেরিয়ে দেখেন দশতলা আবাসনের নিচে আশঙ্কাজনক ভালোনা হওয়া এবং তার সঙ্গে আইপিএস হওয়ার যে চাপ অবস্থায় পড়ে রয়েছে অদ্রিজা। এরপর এনআরএস ওই কিশোরীর মানসিক অবসাদকে আরও বাড়িয়ে দেয় মেডিকেল কলেজে নিয়ে গেলে চিকিৎসকরা কিশোরীকে যার পরিণতি অকালমৃত্যু। ছাদ থেকে মরণঝাঁপ দেওয়ার মৃত বলে ঘোষণা করেন। অদ্রিজা কলকাতার একটি এই সিদ্ধান্ত নিতে মানসিক অনেক শক্তি লাগে। সেই শক্তি ইংরেজি মাধ্যম স্কুলে সপ্তম শ্রেণির ছাত্রী। তার বাবা অবসাদের কারণে নাকি বাবার উচ্চাশা পুরণ করতে না কলকাতা পুলিশের অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর। কর্মরত পারার ফলে যে হতাশা তৈরি হয়েছিল তার জন্য নিজেকে রয়েছেন লালবাজারে কম্পিউটার সেলে। প্রাথমিকভাবে শেষ করে দেওয়ার যে অসম প্রতিযোগিতা মনের মধ্যে জানা যাচ্ছে, অদ্রিজা মানসিক অবসাদে ভূগছিল। একটি চলছিল সেটাই এখন ভাবাচ্ছে তদন্তকারীদের। যদিও চিরকুট উদ্ধার হয়েছে। সেখানে অদ্রিজার স্বাক্ষর রয়েছে। তদন্তকারীরা শুধুমাত্র চিঠির ওপর ভরসা করছেন না, তাঁরা এটি সুইসাইড নোট বলে মনে করা হচ্ছে। এই চিঠিতে খতিয়ে দেখতে চাইছেন সবকিছু।

করোনা আবহে ম্যারেজ রেজিস্টারদের পেটে হাত

সপ্রিয় মখোপাধ্যায়

বাস্তবে রূপ নিল পাত্র-পাত্রীদের জীবনে। 'বাবা আমার কি বিয়ে হবে না?'--- পর্দায় এই গানের সঙ্গে ঠোঁট মিলিয়ে চিলেন অভিনেতা যিশু সেনগুপ্ত। ২০০৮ সালে তার প্রশ্নবোধক জনপ্রিয় গানটিই এখন পাথর হয়ে চেপে বসেছে বাংলার পাত্রপাত্রীদের বকে। অনেক ঘরেই আজ হতাশ পাত্রপাত্রীরা তাঁদের বাবা-মা'কে জিজ্ঞাসা করছেন, 'বাবা, তবে কি এবছর আমার বিয়ে হবে না?

অল বেঙ্গল ম্যারেজ অফিসার্স অর্গানাইজেশনের কর্ণধার তথা রাজ্য নেতা তথ্য। শিবনাথ রায়, কলিমদ্দিন খান, রঞ্জিৎ রায় চৌধুরি সহ একাধিক ম্যারেজ অফিসারের কাছে শতাধিক বাবাজ-মা এমন জেরে অনেক বাবা-মায়ের প্রেসার সুগার আর কি। বেড়ে গেছে। অজানা ভবিষ্যতের শঙ্কায়

্যা ছিল সিনেমার গান, তাই-ই এখন কঠিন পর্যন্ত প্রস্তুত ছিল দিনক্ষণ অনুযায়ী। কোনও বাবা-মা তিলে তিলে টাকা জমিয়েছেন কোনও বাবা-মা দুরের আত্মীয়স্বজন, আত্মীয়-কুটুমদের ডেকে খাইয়ে পরিয়ে, বন্ধবান্ধবদের নিমন্ত্রণ সেরে ফেলেছিলেন। তাদের সম্মুখে কন্যা সম্প্রদান করবেন বলে,

টাকা দিয়ে বিয়েবাডিও ভাডা করা ছিল। লকডাউনের মেয়াদ। যদিও অনলাইনে পাত্রপাত্রীর পরিবার একেবারেই নিশ্চিন্ত ক্যাটারার, ফুল বিক্রেতা থেকে পুরোহিত রেজিস্টেশনে বাধা ছিল না। কিন্তু যে সমস্ত নন। তাঁদের আশক্ষা, যদি আবার তখন



গত মার্চ মাসে অনেক পাত্রীর হাতের ভেরেছিলেন এপ্রিলের পর মে মাসে বিয়ে হলেও পাত্রপক্ষ রাজি নন।

জয়ন্তকুমার মিত্র জানালেন এই বেদনাদায়ক কারও বা বিয়ের কার্ড ছেপে চলে এসেছে তাদের স্বপ্ন ভেঙে চুরমার। শুধু মাত্র বাড়িতে। শুধু নিমন্ত্রণের অপেক্ষা মাত্র। ম্যারেজ রেজিস্টিতে তাঁদের মন ভরে না। সংগঠনের পদাধিকারী শিবনাথ রায় জানান, ম্যারেজ অফিসেও নোটিশ করা ছিল। কারণ লৌকিকতা বলেও তো একটা কথা মনস্তাত্বিক দিক থেকে এর ক্ষতিকারক এক্কেবারে সাজো সাজো রব। শুধু নির্দিষ্ট আছে। পাশাপাশি সামাজিক অনুষ্ঠান প্রভাব পড়তে পারে সমাজে। জয়ন্তবাব দুঃখের কথা শুনিয়েছেন। সন্তানদের প্রশ্নের দিনে সাত-পাঁকে বেঁধে দিতে যতটুক বাকি পাত্রপাত্রীর জীবনে একটা বাডতি নিরাপত্তা আরও জানান, হুগলি, দমদম, নৈহাটি, কসবা দেয়। এই পরিস্থিতিতে অনেক পাত্রের বাডি মিলিয়ে চারজন ম্যারেজ অফিসার করোনায় আর ঠিক এই সময় আচমকাই থেকে শুধু রেজিস্ট্রিতে রাজি হলেও, পাত্রীর মারা গেছেন। আমরা তাই ম্যারেজ তাঁরা কী করবেন, বুঝে উঠতে পারছেন না। লকডাউনের বজ্রপাত। অনেকে তরফে অরাজি। আবার পাত্রীরা রাজি অফিসারদের জন্য স্বাস্থ্য সুরক্ষা, স্বাস্থ্য বিমা

শাঁখা-পলার মাপ নিয়েছিলেন হবু দেওয়া যাবে। কিন্তু কার্যত এপ্রিল, মে, জুন খবরে প্রকাশ, নভেম্বর মাস থেকে কাছে দরবার করেছি। তিনি আমাদের শ্বশুরবাড়ির লোকজন। কারও বা কথা ছিল এক এক করে পেরিয়ে গেল। লকডাউন বিয়ের অনুষ্ঠানে ছাড় হবে ১০০ জন যথাযথ সুবিধা দেওয়ার প্রতিশ্রুতি বেনারসী শাড়ি কিনতে যাওয়ার। অগ্রিম ওঠার নাম গন্ধ নেই। বরং বেডে চলেছে অতিথিদের জন্য। কিন্তু এই খবরে দিয়েছেন।

লকডাউন হয়, তবে কী হবে? তাই তাঁরা আতঙ্কগ্রস্ত। একাধিক ম্যারেজ হল বা ক্লাবের সঙ্গে কথা বলে জানা গেছে, তাদের অনুষ্ঠান হল একদম ফাঁকা পড়ে আছে। অথচ গত বছর এই সমস্ত বিয়েবাডি বা ক্লাব দু'বছর আগে ভাডা হয়ে গিয়েছিল। সারা রাজ্য ম্যারেজ সংগঠনের পক্ষ থেকে কর্ণধার জয়ন্তকুমার মিত্র জানালেন, লকডাউনের জন্য এক ধাক্কায় প্রায় ৪০ থেকে ৫০ শতাংশ ম্যারেজ রেজিস্টি কমে গেছে। তাতে রাজ্য সরকারের যেমন আর্থিক ক্ষতি হয়েছে, তেমনই পাত্রপাত্রীরা বিবাহ থেকে বঞ্চিত হচ্ছেন। হুগলি-শ্রীরামপুর এলাকার ম্যারেজ অফিসার এবং সহ সামাজিক সুরক্ষা চেয়ে আইনমন্ত্রীর

DENIM DEVELOPERS LIMITED CIN: L36101WB1969PLC115504

Regd. Office: 11A, Esplanade East, 3rd Floor, Kolkata - 700069, West Bengal, India. Extract of Consolidated Unaudited Financial Results for the Quarter Ended as on 30th June, 2020 Quarter Ended 30-06-2020 30-06-2019 Unaudited Unaudited 1 Total Income from Operations 218.58 Net Profit/ (Loss) for the period (before tax, exceptional and/or Extraordinary items) 46.41 Net Profit/ (Loss) for the period before tax (after exceptional and/or Extraordinary items) Net Profit/ (Loss) for the period after tax (after exceptional and/or (11.20)Extraordinary items) 46.41 Total Comprehensive income for the period [Comprising profit/(loss) for the period (after tax) and other comprehensive income (after tax)] (14.35)Equity share capital (face value Rs. 10/- each) 1,061.42 Reserves (excluding revaluation reserve) as shown in the Audited 7,989.44 Balance Sheet of the Previous Year

Key Number of Standalone Financial Results Sr. Particulars Quarter Ended 30-06-2020 30-06-2019 Unaudited Unaudited Total Income from Operations Net Profit/ (Loss) for the period before tax 14.32 46,41

Earnings Per Share (for continuing and discontinued operations)

(of Rs.10/- each) Basic & Diluted

3 Net Profit (Loss) for the period after tax The above is an extract of the detailed format of Un-audited Consolidated Financial Results for the quarter ended on June 30th, 2020 filed with the Stock Exchanges under Regulation 33 of SEBI (Listing and other

the websites of the Stock Exchange(s) i.e www.cse-india.com and www.msei.in and the company's i.e www.denimdevelopersltd.com The above financial results were reviewed by Audit Committee. The Board has taken on record the financial result at its meeting held on 14th September, 2020.

Disclosure Requirements) Regulations, 2015. The full format of the said Financial Results are available on

 Segment reporting as defined in Accounting Standard IND AS- 108 "operting segments" is not applicable since the entire operation of the company relates to only single segment. The above financial results for the quarter ended 30th June, 2020 were reviewed by Statutory Auditors of the

Previous year figure have been regroup/ rearrange wherever necessary. For Denim Developers Limited Rajesh Kumar Patil

Date: 16th September, 2020

Whole-TimeDirector & Chief Financial Office (DIN: 02333360)

(0.14)

0.37